**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 18-01-2026 Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অসমের কাজিরাঙা এলিভেটেড করিডোরের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

বিকেলে পশ্চিমবঙ্গের হুগলী জেলার সিঙ্গুরে শ্রী মোদী একাধিক উন্নয়নমূলক প্রকল্পের সূচনা ও শিলান্যাস করবেন। ভিডিও কনফারেনস্যিং এর মাধ্যমে এ রাজ্য থেকে তিনটি অমৃত ভারত এক্সপ্রেস যাত্রার তিনি সূচনা করবেন।

২। সামুদ্রিক ক্ষেত্রে অংশীদারিত্ব ও দু দেশের মধ্যে অবাধ বাণিজ্যিক যোগাযোগ বিষয়ে সহযোগিতা জোরদার করতে ভারত – জাপান উপকূলরক্ষী বাহিনী মুম্বাই-এ বিপজ্জনক ও বিষাক্ত বস্তু প্রতিরোধ সংক্রান্ত একটি যৌথ ড্রিলে অংশ নিয়েছে।

৩। মহারাষ্ট্রে সোলাপুর- পুনে জাতীয় সড়কে এক পথ দুর্ঘটনায় ৫ জনের মৃত্যু হয়েছে।

৪। বারাণসীর মণিকর্ণিকা শ্মশানঘাট পুনর্নির্মাণকে জড়িয়ে সোশ্যাল মিডিয়ায় বিভ্রান্তিকর তথ্য প্রচারের জন্য ৮-টি পৃথক এফ আই আর দায়ের করা হয়েছে।

৫। সুইজারল্যান্ডের ডাভোসে আগামীকাল থেকে বিশ্ব অর্থনৈতিক ফোরামের শীর্ষ বৈঠক শুরু হচ্ছে।

৬। আগামী ফেব্রুয়ারি - মার্চ মাসে অস্ট্রেলিয়া সফরের জন্য 16 জনের ভারতীয় মহিলা ক্রিকেট দলের নাম ঘোষণা হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অসমের নওগাঁ জেলার কালিয়াবোর-এ কাজিরাঙা এলিভেটেড করিডোর প্রজেক্টের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। ৮৬ কিলোমিটার দীর্ঘ এই করিডোরটি নির্মাণে ৯৫০ কোটি টাকা ব্যয় হবে। এর মধ্যে করিডোরটির ৩৫ কিলোমিটার দীর্ঘ পথ কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের ওপর দিয়ে যাবে। এরফলে স্থানীয় পর্যায়ে যোগাযোগের সুবিধা বাড়বে এবং জাতীয় উদ্যানের সমৃদ্ধ জৈব বৈচিত্র্য সুরক্ষিত হবে। অসমের নওগাঁ – কার্বি য়াংলং জেলার মধ্য দিয়ে এই করিডোরের মাধ্যমে ডিব্রুগড় ও তিনসুকিয়ার মধ্যে যোগাযোগ সহজতর হবে। এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, কাজিরাঙ্গাকে কেবলমাত্র একটি জাতীয় উদ্যান-ই নয়, একে অসমের আত্মা হিসেবে দেখা হয়ে থাকে। তিনি বলেন, সাম্প্রতিক বছরগুলিতে কাজিরাঙাতে পর্যটকের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।

(বাইট – প্রধানমন্ত্রী কাজিরাঙা)

প্রধানমন্ত্রী কালিয়াবোর থেকেই দুটি নতুন অমৃতভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রাসংকেত দেন। এগুলি হলো, কামাখ্যা – রোহতাক অমৃতভারত এক্সপ্রেস এবং ডিব্রুগড়-লক্ষ্ণৌ অমৃতভারত এক্সপ্রেস।

অনুষ্ঠানের অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

---

প্রধানমন্ত্রী আজ পশ্চিমবঙ্গ সফরের দ্বিতীয় পর্যায়ে হুগলির সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে উল্লেখযোগ্য বালাগড়ে এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেম ও অভ্যন্তরীণ জলপথ টার্মিনালের ভিত্তিপ্রস্তর

স্থাপন। প্রায় ৯০০ একর এলাকায় গড়ে ওঠা এই প্রকল্প কলকাতার উপর থেকে ভারী পণ্য পরিবহণের চাপ কমাতে সাহায্য করবে।

প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে এ রাজ্যে থেকে তিনটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার শুভ সূচনা করবেন। ট্রেন গুলি হলো সাঁতরাগাছি - তাম্বারাম , হাওড়া - আনন্দ বিহার , এবং শিয়ালদা - বেনারস অমৃত ভারত এক্সপ্রেস। এর পাশাপাশি প্রধান মন্ত্রী জয়রামবাটি ও ময়নাপুরের মধ্যে ১৫ কিলোমিটার দীর্ঘ একটি নতুন রেল লাইনের উদ্বোধন করবেন এবং জয়রাম বাটি - ময়নাপুর রুটে একটি নতুন ট্রেন পরিষেবার শুভ সূচনা করবেন বলে রেল সূত্রের খবর।

সরকারী প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের পর প্রধানমন্ত্রী একটি দলীয় জনসভায় ভাষণ দেবেন। এরপর তাঁর দিল্লী ফিরে যাবার কথা।

-------------------

ভারত ও জাপানের উপকূলরক্ষী বাহিনী গতকাল মুম্বাই-এ বিপজ্জনক ও বিষাক্ত বস্তু প্রতিরোধ সংক্রান্ত একটি যৌথ ড্রিলে অংশ নেয়। দু-দেশের মধ্যে সামুদ্রিক ক্ষেত্রে অংশীদারিত্ব এবং ভারত – প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অবাধ বাণিজ্যিক যোগাযোগ বিষয়ে সহযোগিতা জোরদার করতেই এই ড্রিলের আয়োজন করা হয়। জাপানের উপকূলরক্ষী বাহিনীর কমান্ডান্ট অ্যাডমিরাল ইয়োসিও সেগুচি এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল নিয়ে ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর সদর দফতর পরিদর্শন করেন। সেখানে আয়োজিত দু-দেশের উপকূলরক্ষী বাহিনীর উচ্চ পর্যায়ের কর্মকর্তারা সামুদ্রিক ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করার ওপর জোর দেন।

ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর দূষণ প্রতিরোধী নৌযান ICGS সমুদ্র প্রহরিতে দু-দেশের উপকূলরক্ষী বাহিনীর কর্মীরা বিশেষ ধরনের প্রশিক্ষণে অংশ গ্রহণ করেন।

--------------------

মহারাষ্ট্রের মোহলের কাছে সোলাপুর – পুনে জাতীয় সড়কে এক দুর্ঘটনায় পাঁচ নিহত ও এক মহিলা আহত হয়েছেন। গত রাত ১১-টার সময় একটি দ্রুতগামী গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে একটি গাছে ধাক্কা মারলে এই দুর্ঘটনা ঘটে। গাড়ির যাত্রীরা এক ধর্মীয় অনুষ্ঠানে অংশ নিতে পানভেল থেকে আক্কালকোট যাচ্ছিলেন। আহত মহিলাকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

--------------------

বারাণসীর মণিকর্ণিকা শ্মশানঘাট পুনর্নির্মাণকে জড়িয়ে সোশ্যাল মিডিয়ায় বিভ্রান্তিকর তথ্য প্রচারের জন্য পুলিশ গত সন্ধ্যায় ৮-টি পৃথক এফ আই আর দায়ের করেছে। শহরের চক থানায় এই এফ আই আরগুলি দায়ের করা হয়েছে। সোশ্যাল মিডিয়ায় হিন্দু দেব-দেবীর মূর্তি ব্যবহার করে অপপ্রচার চালানো হচ্ছে বলে পুলিশের অভিযোগ। এরফলে সামাজিক ঐক্য বিঘ্নিত হওয়া এবং সরকারের ভাবমূর্তি নষ্ট করার কথাও এই এফ আই আরগুলিতে বলা হয়েছে। এই প্রকল্পের নির্মাণ সংস্থার পক্ষ থেকে এফ আই আরগুলি দায়ের করা হয়। তবে, গ্রেফতারের কোন খবর নেই।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

---------------------

উত্তর প্রদেশে মৌনী অমাবস্যা উপলক্ষে লক্ষ লক্ষ ভক্ত নদীতে পুণ্যস্নান করছেন। এটি প্রয়াগরাজের সঙ্গমে অনুষ্ঠিত বার্ষিক মাঘ মেলার তৃতীয় গুরুত্বপূর্ণ স্নান। দেশের বিভিন্ন অংশে নদি ও জলাশয়ে মৌনি অমাবস্যা উপলক্ষে পুণ্য স্নান ও পূজার প্রস্তুতি চলেছে।

---------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর আইএমডি উত্তর প্রদেশে ঘন থেকে অতি ঘন কুয়াশার কমলা সতর্কবার্তা জারি করেছে। দিল্লী, হরিয়ানা, চণ্ডীগড়, পাঞ্জাব ও বিহারে আগামী দুই থেকে তিন দিন কুয়াশার পূর্বাভাস রয়েছে। পূর্ব মধ্য প্রদেশ, ছত্তিশগড় ও ওড়িশায় শীতল আবহাওয়া বজায় থাকবে বলে জানিয়েছে আইএমডি।

---------------------

সুইজারল্যান্ডের ডাভোসে আগামীকাল থেকে বিশ্ব অর্থনৈতিক ফোরামের শীর্ষ বৈঠক শুরু হচ্ছে। চলবে ২৩-শে জানুয়ারী পর্যন্ত। এই বৈঠকে বিশ্বের বিভিন্ন দেশের ৩ হাজারেরও বেশি প্রতিনিধি অংশ নেবেন। এদের মধ্যে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান, রাজনৈতিক নেতৃবৃন্দ আন্তর্জাতিক সংগঠনের প্রধান এবং বহু জাতিক শিল্প সংস্থার মুখ্য কার্যনির্বাহী আধিকারিকেরা রয়েছেন। মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প এবং চীন, পাকিস্তান, ভারত সহ ৬৪-টি দেশের উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল বৈঠকে অংশ নেবেন।

রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তনীয় গুতেরেস, আন্তর্জাতিক অর্থ তহবিলের প্রধান ক্রিষ্টালিনা জর্জিয়েভা এবং বিশ্ব ব্যাঙ্কের প্রধান অজয় বাঙ্গাও এই বৈঠকে উপস্থিত থাকবেন বলে জানা গেছে। এই উপলক্ষে আজ থেকেই নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

এদিকে, বিভিন্ন গোষ্ঠী বিশ্ব অর্থনৈতিক ফোরামের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শনের লক্ষে ডাভোসের কাছে সমাবেশের আয়োজন করেছে।

-------------------

ভারত ও শ্রীলঙ্কার উপকূল রক্ষী বাহিনী এবং মালদ্বীপের জাতীয় নিরাপত্তা বাহিনীর ১৭ তম যৌথ মহড়া 'দোস্তি' গতকাল মালদ্বীপের মালেতে শুরু হয়েছে। বর্তমানে এই মহড়ার বন্দর পর্ব চলছে। এর মধ্যে পারস্পরিক সহযোগিতা মূলক MARPOL মহড়া ও যৌথ VBSS রয়েছে। পরবর্তী সমুদ্র পর্বে অংশ নেওয়ার জন্য ভারতের উপকূল রক্ষী বাহিনীর জাহাজ ও বিমানগুলো প্রস্তুত।

-------------------

মার্কিন যুক্তরাষ্ট্রের সেনা বাহিনী উত্তর – পশ্চিম সিরিয়ায় অভিযান চালিয়ে আলকায়দা জঙ্গি গোষ্ঠীর অন্যতম প্রধান নেতাকে হত্যা করেছে। তার বিরুদ্ধে ১৩-ই ডিসেম্বর পালমাইরাতে হামলা চালিয়ে দুই মার্কিন সেনা এবং অন্য আর একজন কর্মীকে হত্যার অভিযোগ রয়েছে। মার্কিন সেন্ট্রাল কমান্ড সূত্রে জানানো হয়েছে, এই অভিযানের মধ্য দিয়ে মার্কিন বাহিনীকে আক্রমণকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থাগ্রহণের বার্তা দেওয়া হয়েছে।

-------------------

ভারতীয় ক্রিকেট নিয়ন্ত্রক সংস্থা বিসিসিআই ফেব্রুয়ারি ও মার্চ মাসে অস্ট্রেলিয়া সফরের জন্য মহিলা ক্রিকেট দল ঘোষণা করেছে। হরমনপ্রীত কউর টি ২০ ও

একদিনের সিরিজে অধিনায়কত্ব করবেন। সহ অধিনায়ক স্মৃতি মান্ধানা। ব্যাটার ভারতী ফুলমালি প্রথমবারের জন্য দলে স্থান পেয়েছেন। ১৫ ফেব্রুয়ারি থেকে টি ২০ সিরিজ শুরু হবে। তারপর রয়েছে একদিনের সিরিজ।

-------------------- --------------------